

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৩৮

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৫. দিতীয় অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু'আ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: إِنَّ رَجُلًا قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي أُرِيدُ أَنْ أُسَافِرَ فَأَوْصِنِي قَالَ: «عَلَيْكَ بِتَقْوَى اللَّهِ وَالتَّكْبِيرِ عَلَى كل شرف» . قَالَ: فَلَمَّا وَلَّى الرَّجُلُ قَالَ: «اللَّهُمَّ اطْوِلَهُ الْبعد وهون عَلَيْهِ السّفر» . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

২৪৩৮-[২৩] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বললো, হে আল্লাহর রসূল! আমি সফরে যাবার ইচ্ছা পোষণ করছি। আমাকে কিছু উপদেশ দিন। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তুমি সবসময় আল্লাহর ভয় মনে পোষণ করবে এবং (পথিমধ্যে) প্রতিটি উঁচু জায়গায় অবশ্যই ''আল্ল-হু আকবার'' বলবে। সে লোকটি যখন চলে গেল তখন তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, ''আল্ল-হুম্মা আত্ববিলাহ্ল বু'দা ওয়া হাওবিন্ 'আলায়হিস্ সাফার'' (অর্থাৎ- হে আল্লাহ! লোকটির সফরের দূরত্ব কমিয়ে দাও এবং তার জন্য সফর সহজ করে দাও)। (তিরমিয়ী)[1]

ফুটনোট

[1] হাসান : তিরমিযী ৩৪৪৫, আল কালিমুত্ব ত্বইয়্যিব ১৭২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (عَلَيْك) এটি ইসমে ফে'ল, এটি ঠে বা গ্রহণ করো- এ অর্থে ব্যবহার হয়। এর অর্থ হলোঃ তাকওয়া বা আল্লাহভীতিতে অটল থাকা, তাকওয়ার সকল স্তরের উপর সর্বদা অটুট থাকা। নিশ্চয় এটি একটি নির্দেশ, যা আল্লাহ তা'আলা তার বান্দাদের প্রতি করেছেন। যেমন- আল্লাহ তা'আলা বলেনঃ "বস্তুতঃ আমি নির্দেশ দিয়েছি তোমাদের পূর্ববর্তী গ্রন্থধারীদেরকে এবং তোমাদেরকে যে, তোমরা সবাই আল্লাহ তা'আলাকে ভয় করো"- (সূরা আন্ নিসা ৪: ১৩১)।



(اَ اللَّهُمَّ اَ اللَّهُمَّ اَ اللَّهُمَّ اللَّهِ اللَّهُمَّ اللَّهِ اللَّهُمَّ اللَّهِ اللَّهُمَّ اللَّهِ اللَّهُمَّ اللَّهُمَّ اللَّهِ اللَّهُمَّ اللَّهِ اللَّهُمَّ اللَّهِ اللَّهُمَ (রহঃ) বলেনঃ আল্লাহ তা'আলা তার সফরকে সহজ ও নিকটবর্তী করে দেন যাতে সফর দীর্ঘ না হয়। আর মুল্লা 'আলী কারী (রহঃ) বলেনঃ অর্থগতভাবে ও উপলব্ধিগতভাবে সফরকে নিকটবর্তী করার মাধ্যমে সফরের কষ্টকে দূরীভূত করেন।

(وَهُوِّنْ عَلَيْهِ السَّفَرَ) অর্থাৎ- একই কথা আবার বলার মাধ্যমে নির্দিষ্টতাকে আরো বেশী প্রশস্ততা করা।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন